

এক দশক পর পরীক্ষায় বসার সুযোগ পাচ্ছেন জাবি ছাত্রদল নেতা বাবর

জাবি প্রতিনিধি

২৮ অক্টোবর ২০২৫, ১০:৪৯ পিএম



জহির উদ্দিন মোহাম্মদ বাবর

রাজনৈতিক নির্যাতনের কারণে দীর্ঘ এক দশক ধরে পড়াশোনা সম্পন্ন করতে না পারা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় (জাবি) শাখা ছাত্রদল নেতা জহির উদ্দিন মোহাম্মদ বাবর অবশেষে পেলেন বিশেষ পরীক্ষার অনুমতি।

জহির উদ্দিন মোহাম্মদ বাবর রসায়ন বিভাগের ৩৯ ব্যাচের শহীদ সালাম-বরকত হলের আবাসিক শিক্ষার্থী। বিশ্ববিদ্যালয়ের ডেপুটি রেজিস্ট্রার সৈয়দ মোহাম্মদ আলী রেজা স্বাক্ষরিত এক অফিস আদেশে বিষয়টি নিশ্চিত করা হয়েছে।

আদেশে বলা হয়, বাবরের গত ২৯ মে আবেদনের পরিপ্রেক্ষিতে এবং গত ৪ আগস্ট অনুষ্ঠিত সিন্ডিকেট সভার সিদ্ধান্ত অনুযায়ী বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা অধ্যাদেশ অনুসারে তাকে নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহণের সুযোগ দেওয়া সম্ভব না হলেও বিশেষ পরীক্ষার অনুমতি প্রদান করা হয়েছে।

জানা যায়, ২০১৪ সালের একতরফা নির্বাচনের পর ক্ষমতাসীন দলের ছাত্রসংগঠন ছাত্রলীগের সন্ত্রাসী কর্মকাণ্ড বৃদ্ধি পেলে বিশ্ববিদ্যালয়গুলোতে বিরোধী মতের ছাত্রদের ওপর দমন-পীড়ন বেড়ে যায়। এরই ধারাবাহিকতায় ২০১৫ সালের ২৬ ফেব্রুয়ারি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে ঘটে এক হামলার ঘটনা।

ওইদিন রসায়ন বিভাগের পরীক্ষা চলাকালীন জহির উদ্দিন মোহাম্মদ বাবরকে পরীক্ষার কক্ষ থেকে ডেকে নিয়ে ছাত্রলীগের একদল কর্মী রসায়ন ৩৯ ব্যাচ আসিফের নেতৃত্বে নির্মমভাবে পিটিয়ে আহত করে। হামলায় তার শরীরের বিভিন্ন স্থানে হাড় ভাঙা ও গভীর জখম হয়। পরদিন, ২০১৫ সালের ২৭ ফেব্রুয়ারি এই ঘটনার খবর জাতীয় কয়েকটি পত্রিকায় প্রকাশিত হয়।

হামলার পর বিশ্ববিদ্যালয় প্রশাসনের নীরবতা, ছাত্রলীগের প্রকাশ্য হুমকি এবং পরবর্তীতে মিথ্যা মামলার কারণে বাবর দীর্ঘ সময় বিশ্ববিদ্যালয়ে ফিরতে পারেননি। সাতার ও আশুলিয়া থানায় তার নামে চারটি মামলা দায়ের করা হয়, যার ফলে তিনি নিয়মিত স্নাতকোত্তর (২০১৩-১৪ সেশন) পরীক্ষায় অংশ নিতে পারেননি। দীর্ঘ এক দশক পর বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের বিবেচনায় ও সিন্ডিকেটের অনুমতিক্রমে এখন তিনি বিশেষ পরীক্ষার মাধ্যমে তার স্থগিত শিক্ষাজীবন সম্পন্ন করার সুযোগ পেয়েছেন।